

233591 - জুমার খোতবা শ্রবণকালে মোবাইলে এর অনুবাদ অনুসরণ করার বিধান

প্রশ্ন

খতীব জুমার খোতবা দান কালীন সময় যে ব্যক্তি আরবী ভাষা বুঝেন না তার জন্য খোতবার অনুবাদকারী কোন ভিজুয়াল স্ক্রীন কিংবা মোবাইল অ্যাপস ব্যবহার করার হুকুম কী? শ্রোতা নিজের মোবাইলে খোতবার অনুবাদ অনুসরণ করে?

প্রিয় উত্তর

আমি এ প্রশ্নটি আমাদের শাইখ আব্দুর রহমান আল-বার্রাকের কাছে পেশ করেছি; তিনি বলেন: "এতে কোন অসুবিধা নাই। এটি খোতবার সময় নিষিদ্ধ অনর্থক কাজের মধ্যে পড়বে না। কেননা এটি প্রয়োজনীয়। এটি অযথা কাজ নয়।"[সমাপ্ত]

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।